

# Chittagong Hill Tracts Commission

**Co-Chairpersons:**  
Sultana Kamal, Elsa Stamatopoulou  
Myrna Cunningham Kain

**Members:**  
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie  
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum  
Yasmeen Haque, Sara Hossain,  
Muhammad Zafar Iqbal, Khushi Kabir  
Michael C. van Walt van Praag, Iftekharuzaman

## প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে জনতার ওপর গুলিবর্ষণে পথচারীসহ ৬ জন নিহত হওয়ার ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশনের তীব্র  
নিন্দা ও ক্ষোভ। অবিলম্বে জড়িতদের গ্রেপ্তার ও বিচারের দাবি।

১৯ আগস্ট ২০১৮, ঢাকা। গত ১৮ আগস্ট খাগড়াছড়ির স্বনির্ভর বাজারে ইউপিডিএফের উদ্যোগে এক কর্মসূচী পালনের  
প্রস্তুতিকালে সকাল আনুমানিক সাড়ে আটটার দিকে দুর্বৃত্তরা অতর্কিতে এসে এলোপাতাড়ি গুলি চালালে ঘটনাস্থলেই পাহাড়ি  
ছাত্র পরিষদ, গণতান্ত্রিক যুব ফোরামের নেতা ও পথচারীসহ কমপক্ষে ৬ জন নিহত এবং ৩ জন আহত হয়েছেন। আহতদের  
মধ্যে সংকটাপন্ন দুজনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে। একইদিনে অপর এক ঘটনায়  
আরেকজন নিহত হয়েছেন বলে জানা যায়। নৃশংস এ হত্যাকাণ্ডের ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশন তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ  
করছে। একইসাথে অবিলম্বে জড়িতদের গ্রেপ্তার ও বিচারের দাবি জানাচ্ছে।

পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীরভাবে উদ্বেগে যে, পার্বত্য চট্টগ্রামে গত ৯ মাসে কমপক্ষে ৩০টির অধিক খুনের ঘটনা সংঘটিত  
হয়েছে। নারী ও শিশু ধর্ষণের ঘটনা বেড়েছে। পাহাড়ে আইন শৃঙ্খলা পরিস্থিতির এমন সংকটময় অবস্থায়ও স্থানীয় প্রশাসনের  
দিক থেকে প্রত্যাশিত ভূমিকা পরিলক্ষিত হচ্ছে না। এযাবত সংঘটিত হত্যাকাণ্ডগুলোর সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে  
অপরাধীদের চিহ্নিত করে গ্রেপ্তার ও বিচারের আওতায় আনার ক্ষেত্রে ব্যর্থতাও এ ধরনের প্রকাশ্যে দিবালোকে হত্যাকাণ্ডসহ  
বিভিন্ন নৃশংসতা অব্যাহত থাকার অন্যতম কারন বলে মনে করছে কমিশন। পার্বত্য চট্টগ্রামে সুশাসনের অভাব ও বিচারহীনতার  
পরিবেশ অব্যাহত থাকায় সেখানে অপরাধের মাত্রা বেড়েই চলেছে যা দেশের জন্যও ক্ষতিকর।

পার্বত্য চট্টগ্রাম কমিশন উদ্বেগের সাথে এও লক্ষ্য করেছে যে, খাগড়াছড়ি বিজিবি হেড কোয়ার্টার থেকে মাত্র কয়েকশ গজ দূরে  
এতবড় একটা হত্যাকাণ্ড ঘটানো কিভাবে সম্ভব! প্রত্যক্ষদর্শীদের বরাত থেকে এও জানা গিয়েছে দুর্বৃত্তরা হামলার পরে অস্ত্র  
উঁচিয়ে বিজিবি চেকপোস্টের সামনে দিয়ে খাগড়াছড়ি-পানছড়ি সড়ক দিয়ে নির্বিঘ্নে হেঁটে চলে গিয়েছিল। তাই স্বাভাবিকভাবে প্রশ্ন  
জাগে এই দুর্বৃত্তরা কাদের ছত্রছায়ায় এমন উদ্যত উন্মত্ততা দেখাতে সাহস পাচ্ছে। দুর্বৃত্তরা যত বড় ক্ষমতাসালী হোক না কেন  
নিরপেক্ষ তদন্ত কমিটি গঠনের মাধ্যমে এ বর্বর হত্যাকাণ্ডে জড়িতদের অবিলম্বে গ্রেপ্তার করে বিচারের আওতায় আনার জন্য  
সরকারের কাছে পার্বত্য চট্টগ্রাম কমিশন জোর দাবি জানাচ্ছে। একইসাথে আহতদের সুচিকিৎসার জন্য যথাযথ দ্রুত ব্যবস্থা গ্রহণ  
ও নিহতদের পরিবারের নিরাপত্তা নিশ্চিত করে যথাযথ ক্ষতিপূরণ প্রদানেরও দাবি জানাচ্ছে।

ধন্যবাদসহ,

সুলতানা কামাল  
কো-চেয়ারপার্সন

এলসা স্টামাতোপোলৌ  
কো-চেয়ারপার্সন

মির্না কানিংহাম কেইন  
কো-চেয়ারপার্সন

সদস্য: ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টোনা ব্লাই, হার্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা  
হোসেন, খুশী কবির, মাইকেল সি ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডি' কস্টা।

উপদেষ্টা: ইয়েনেকি এরঞ্জ, টম এক্সিলসন, ড. মেঘনা গুহঠাকুরতা।